

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর,  
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ  
উপপরিচালকের দপ্তর



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনিষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাঙ্গীর আলম উপপরিচালক
সভার তারিখ	২০ ডিসেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	১৫:০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' (সংযুক্ত)

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপপরিচালকের কার্যালয়সহ অওতাধীন ৪টি জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের দপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি আলোচনার জন্য উপস্থাপন করেন বিভিন্ন পর্যবেক্ষণ ও করণীয় সম্পর্কে আলোকপাত করেন। বিভাগীয় কার্যালয়সহ ৪টি জেলা কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির হাল অবস্থা পর্যালোচনায় নিম্নবর্ণিত বিদ্যমানসমূহ পরিলক্ষিত হয়।

- \* ভিশন ও মিশনের পূর্বে প্রারম্ভিকা বিদ্যমান;
- \* নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি;
- \* ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ না থাকা;
- \* কোন ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরম্যাটে প্রস্তুত না করা;
- \* সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোডের ক্ষেত্রে নির্ধারিত সেবাবক্স ও লিংক ব্যবহার না করা।

অতপর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট বিষয়ে সবিস্তারে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট (৮ কলাম) অনুসরণপূর্বক প্রতি ত্রৈমাসিকে সংশ্লিষ্ট ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।
- ২। ওয়েবপোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে নির্ধারিত লিংকে আপলোড করতে হবে।
- ৩। নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার ক্ষেত্রে কেবল দপ্তর প্রদত্ত সেবাসমূহ উল্লেখ থাকবে।
- ৪। ওয়েবপোর্টালে প্রকাশিতব্য সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোঃ জাহাঙ্গীর আলম

উপপরিচালক


স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.৪৬৪

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর
- ২) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
- ৩) সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ/জামালপুর/শেরপুর



মুহাম্মদ সালাহ উদ্দীন কবির

সহকারী পরিচালক